

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০২.২০-৮৫

তারিখঃ ২৭ মাঘ ১৪২৬  
১০ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুল সিনিয়র মাদ্রাসাটি বাংলাদেশ মাদ্রাসা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের নিয়মনীতি বহির্ভূত / আইন ভঙ্গ করে সরকারি নির্দেশ ব্যতীত অস্তিত্বহীন খুরুল আজগরিয়া আলিম মাদরাসা সরকারি অনুমোদন ব্যতীত বর্তমান চাকুরিচ্যুত অবৈধভাবে নিয়োগকৃত অধ্যক্ষ জনাব মো: আনিসুর রহমান মোল্লার এমপিও স্থগিত রাখা ও বর্তমান মাদরাসার কোন স্বীকৃতি ও নবায়ন নেই এবং বিভিন্ন খাতের সরকারি-বেসরকারি টাকা আত্মসাতের অভিযোগের বিষয়ে প্রেরিত উকিল নোটিশের বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্রঃ (১) ডিএমই'র স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০২৩.১৮-৩৭৯, তারিখঃ ২৩/১২/২০১৮ খ্রি.  
(২) জনাব মো: ছলিম উল্লাহ, প্রতিষ্ঠাতা খুরুল সিনিয়র মাদ্রাসা, থানা-মুরাদনগর, কুমিল্লা কর্তৃক প্রেরিত উকিল নোটিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত উকিল নোটিশের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুল সিনিয়র মাদ্রাসাটি বাংলাদেশ মাদ্রাসা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের নিয়মনীতি অমান্য বহির্ভূত আইন ভঙ্গ করে সরকারি নির্দেশ ব্যতীত অস্তিত্বহীন খুরুল আজগরিয়া আলিম মাদরাসা সরকারি অনুমোদন ব্যতীত বর্তমান চাকুরিচ্যুত অবৈধভাবে নিয়োগকৃত অধ্যক্ষ জনাব মো: আনিসুর রহমান মোল্লার এমপিও স্থগিত রাখা ও বর্তমান মাদরাসার কোন স্বীকৃতি ও নবায়ন নেই এবং বিভিন্ন খাতের সরকারি-বেসরকারি টাকা আত্মসাতের অভিযোগের বিষয়ে সচিব, টিএমইডি বরারব উকিল নোটিশ প্রেরণ করা হয়েছে।

০২। ইতোপূর্বে জনৈক জনাব মো: ছলিম উল্লাহ কর্তৃক গত ১১.০৯.১৮ তারিখের আবেদনের প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ২৩.১২.১৮ খ্রি. তারিখের ৩৭৯ সংখ্যক পত্রমূলে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৬০২৭/২০০২ মামলায় ০২.০৪.২০০৩ খ্রি. তারিখের রুলিং অনুযায়ী কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুল সিনিয়র মাদ্রাসার বর্তমান অধ্যক্ষ মো: আনিসুর রহমান মোল্লা অদ্যাবধি কোন বিধি বলে কর্মরত রয়েছেন তা গত ০৬.০১.১৯ তারিখের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য সভাপতি, খুরুল সিনিয়র আলিম মাদ্রাসা বরারব সূত্রোক্ত (১) নং স্মারকমূলে পত্র দেয়া হয়।

০৩। উক্ত পত্রের উপর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থাদির বিষয়ে এবং উকিল নোটিশ বিষয়ে পরবর্তী কার্যক্রমের জন্য নিম্নোক্ত তথ্য জানা আবশ্যিক:

- ক. DG, DME কর্তৃক প্রেরিত ০৬.০১.১৯ খ্রি. তারিখের পত্রের আলোকে কী কী ব্যবস্থা গৃহীত হয়েছে? এর স্বপক্ষে প্রমাণকসহ তথ্য।
- খ. খুরুল গ্রামে খুরুল আজগরিয়া সিনিয়র মাদরাসার নামে কোন মাদ্রাসার বাস্তব অস্তিত্ব আছে কিনা?
- গ. উক্ত মাদরাসার বাস্তব অস্তিত্ব থেকে থাকলে এর হালনাগাদ স্বীকৃতির অনুমোদন আছে কিনা?
- ঘ. খুরুল আজগরিয়া সিনিয়র মাদরাসা নামে এমপিওভুক্ত কোন প্রতিষ্ঠান আছে কিনা?
- ঙ. এরূপ প্রতিষ্ঠান থেকে থাকলে ১ম এমপিও শীট এবং বর্তমান এমপিও শীটের মধ্যে প্রতিষ্ঠান নামের ভিন্নতা রয়েছে কিনা?
- চ. ভিন্নতা থেকে থাকলে তা কোন আইনবলে এবং কিসের ভিত্তিতে হয়েছে?
- ছ. খুরুল আজগরিয়া সিনিয়র মাদরাসার অধ্যক্ষ হিসেবে কে দায়িত্ব পালন করছেন এবং বর্তমানে দায়িত্ব পালনরত অধ্যক্ষের দায়িত্ব পালনের আইনগত এখতিয়ার রয়েছে কিনা?
- জ. দায়িত্বরত অধ্যক্ষের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের আইনগত সুযোগ না থাকলে উক্ত অধ্যক্ষের এমপিও বন্ধের এবং দায়িত্ব হতে অপসারণের ব্যবস্থা গৃহীত হয়েছে কিনা?
- ঝ. খুরুল আজগরিয়া সিনিয়র মাদরাসার বিষয়ে, অধ্যক্ষের বিষয়ে এবং অন্যান্যদের বিষয়ে বর্তমানে কী করণীয়?

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে চাহিত তথ্যাদি আগামী ১৩.০২.২০২০ তারিখের মধ্যে (প্রমাণকসহ) টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) উকিল নোটিশের ছায়ািলিপি- ০৭ (সাত) পাতা।

(মো: আ: খালেদ মিঞা) ২০/০২/২০২০  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপসচিব (এমপিও সেল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।।